# Standard Request for Quotation Document (National)

## For Procurement of Goods

## [Request for Quotation Method]

**দরপত্র প্যাকেজ নং-G.R.২৪-২৫.৬৫.৯**

ISO 9001 : 2015 CERTIFIED

**“সদর অফিসে (Dedicated Internet Connection (Speed 30 Mbps With 05 Static Real IP) সরবরাহের রিকুয়েস্ট ফর কোটেশন (RFQ) প্রদানের অনুরোধজ্ঞাপন পত্র।”**

Gaibandha Palli Bidyut Samity

Tulshighat, Gaibandha.

# গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি

**GAIBANDHA PALLI BIDYUT SAMITY**
**ISO 9001 :2015 Certified**

সদর দপ্তর, তুলশীঘাট, গাইবান্ধা।
E-mail : gbndhapbs@yahoo.com
Website : www.pbs.gaibandha.gov.bd


স্মারক নং-২৭.১২.৩২২৪.৫৬৫.০১.০৩৮.২৫. ৩৭৫৯

তারিখঃ ১৪ বৈশাখ, ১৪৩১বঃ
২৭ এপ্রিল ২০২৫ খ্রিঃ

বিষয়ঃ **সদর অফিসে (Dedicated Internet Connection (Speed 30 Mbps With 05 Static Real IP) সরবরাহের রিকুয়েষ্ট পর কোটেশন (RFQ)।**

দরপত্র প্যাকেজ নম্বরঃ G.R.২৪-২৫.৬৫.৯

প্রতি,

---------------------------------------------------------------------------

---------------------------------------------------------------------------

---------------------------------------------------------------------------

০১. সিনিয়র জেনারেল ম্যানেজার, গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি, তুলসীঘাট, গাইবান্ধা এর অনুকুলে সদর অফিসে "Dedicated Internet Connection (Speed 30 Mbps With 05 Static Real IP" সরবরাহের জন্য প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সিলমোহরকৃত খামে RFQ পদ্ধতিতে কোটেশন আহ্বান করা যাচ্ছে।

০২. মালামাল সরবরাহে ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

০৩. এতদসংগে সংযুক্ত 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির www.pbs.gaibandha.gov.bd হতে ডাউন লোড করে কোটেশন এর সকল শর্তাদি পূরণ সাপেক্ষে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফর্মে দরপত্র গ্রহণযোগ্য হবে না। অথবা আবেদনের মাধ্যমে গাইবান্ধা পবিস হতে কোটশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করতে হবে।

০৪. নির্ধারিত কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬নং অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর কর্তৃক নির্ধারিত দপ্তরে দাখিল করতে হবে।

০৫. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

০৬. সিলমোহরকৃত খাম, আগামী ০৪/০৫/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ১১.৩০ ঘটিকা-এ বা এর পূর্বে কোটেশন গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি, তুলসীঘাট, গাইবান্ধা এ দাখিল করতে হবে। কোটেশনের খামে সদর অফিসে "Dedicated Internet Connection (Speed 30 Mbps With 05 Static Real IP" সরবরাহের জন্য অনুরোধজ্ঞাপনপত্র" এবং ০৪/০৫/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ১১.৩৫ এর আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

০৭. প্রাপ্ত দরপত্র সমূহ আগামী ০৪/০৫/২০২৫ খ্রিঃ বেলা ১১.৩৫ সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিসের ওয়েবসাইটে www.pbs.gaibandha.gov.bd এ দেখা যাবে।

০৮. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০(ষাট)দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

০৯. কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন সমূহ ক্রমিক নং ৬ এ বর্ণিত স্থান সমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

১০. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক মালামাল সরবরাহের পর সমিতির প্রতিনিধির মাধ্যমে মালামালের গুনগত মান এবং কার্য সম্পাদন সন্তোষজনক সাপেক্ষে গ্রহণ করা হবে। সন্তোষজনক মালামাল সরবরাহ ও কার্য সম্পাদনেরপর বিল দাখিল সাপেক্ষেএকাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধ যোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎস কর আয়কর ও অন্যান্য কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

১১. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধ টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১২. কোটেশনের সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স সনদ, বিটিআরসি প্রদত্ত আইএসপি সনদ, ব্যাংক সলভেন্সী সনদ, আয়কর সনদ, ভ্যাট রেজিষ্ট্রেশন সনদপত্র ও ১০ বছরের অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

**২য় পৃষ্ঠায় দ্রঃ/**

১৩. দরদাতাদের অবশ্যই BTRC থেকে আপ টু ডেট Nationwide ISP লাইসেন্স থাকতে হবে। (প্রুফ ডকুমেন্ট অবশ্যই প্রদান করতে হবে, অন্যথায় দরপত্রটি অসম্পূর্ণ/বাতিল হিসাবে বিবেচিত হবে)।

১৪, দরপত্র প্রকাশের তারিখ থেকে দরদাতাকে দেশব্যাপী আইএসপি পরিষেবা সরবরাহ, ইনস্টলেশন ইত্যাদি কাজে প্রধান ঠিকাদার বা উপ-ঠিকাদার বা ম্যানেজমেন্ট ঠিকাদার হিসাবে দেশব্যাপী চালু করার ক্ষেত্রে কমপক্ষে ১০ (দশ) বছরের সাধারণ অভিজ্ঞতা থাকতে হবে। অন্যথায় দরপত্রটি অসম্পূর্ণ /বাতিল হিসাবে বিবেচিত হবে।

১৫. দরদাতা এর ন্যূনতম অত্র দরপত্রের সমান বা বেশী মূল্যের এবং অনুরূপ প্রকৃতির কাজ (ইন্টারনেট ব্যান্ডউইথ/ডেটা কানেক্টিভিটি / ইন্টারনেট WAN কানেক্টিভিটি) প্রদানের কমপক্ষে দুটি (০২) চুক্তি চলমান থাকতে হবে। কোনো সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা এবং স্বনামধন্য বেসরকারি সংস্থা/কর্পোরেটগুলিতে গত ০৩ বছরে ২ কোটি সমমূল্যের টার্নওভার থাকতে হবে। (প্রমাণ নথি অবশ্যই সরবরাহ করতে হবে, অন্যথায় দরপত্রটি অসম্পূর্ণ/ বাতিল হিসাবে বিবেচিত হবে)।

১৬. দরদাতার কমপক্ষে ১০ টি (দশ) সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থার অনুরুপ কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে (প্রমাণ নথি অবশ্যই সরবরাহ করতে হবে, অন্যথায় দরপত্রটি অসম্পূর্ণ/ বাতিল হিসাবে বিবেচিত হবে)।

১৭. দরদাতার অবশ্যই ন্যূনতম ০২ বা তার বেশি NTTN (Nationwide Tele Communication Transmission Network) এর সাথে চুক্তি থাকতে হবে, (চুক্তির অনুলিপি অবশ্যই সরবরাহ করতে হবে, অন্যথায় দরপত্রটি অসম্পূর্ণ /বাতিল হিসাবে বিবেচিত হবে)।

১৮. দরদাতার বিগত ০৩ (তিন) বছরের গড়ে ১০ (দশ) কোটি বার্ষিক টার্নওভার থাকতে হবে।

১৯. দরদাতাকে কোনো সরকারি বা আধা-সরকারি সংস্থা বা সরকারি মালিকানাধীন কোম্পানি থেকে কালো তালিকাভুক্ত/ নিবন্ধন বাতিল করা হলে দরপত্রটি অসম্পূর্ণ/ বাতিল হিসাবে বিবেচিত হবে)।

২০. দরদাতার শেষ ০৩ (তিন) বছরের নিরীক্ষিত প্রতিবেদন থাকতে হবে। (প্রুফ অডিট রিপোর্ট প্রদান করতে হবে, অন্যথায় দরপত্রটি অসম্পূর্ণ /বাতিল হিসাবে বিবেচিত হবে)।

২১. দরদাতাদের ISPAB এবং APNIC এর সদস্য হতে হবে কোটেশনের সহিত সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

২২. কোন কারনে সংযোগ বিচ্ছিন্ন হলে সর্বোচ্চ ০৩(তিন) ঘন্টার মধ্যে পুনরায় সংযোগ স্থাপন করতে হবে, এ জন্য কোন প্রকার সার্ভিস চার্জ প্রদান করা হবেনা। ইন্টারনেট সংযোগ বিচ্ছিন্ন হওয়ার ০৩ (তিন) ঘন্টার মধ্যে পুনরায় সংযোগ স্থাপন করতে ব্যর্থ হলে ইন্টারনেট সংযোগ বিচ্ছিন্ন থাকার মোট সময় কালের বিল সংযোগ প্রদানকারীর প্রাপ্য মোট বিল হতে ঘন্টা হারে কর্তন করা হবে।

২৩. Service Contract ০৩ (তিন) বছর পর পর নবায়ন করা হবে। ৩০ দিনের অগ্রিম নোটিশ দ্বারা উভয় পক্ষ সম্পাদিত Service Contract বাতিল করতে পারবেন।

২৪. সন্তোষজনকভাবে ডেডিকেটেড ইন্টারনেট সংযোগ স্থাপনের পর বিল উপস্থাপন সাপেক্ষে ও যাচাই কমিটির ইন্টারনেট কানেকশন যাচাই পূর্বক প্রত্যায়ন সাপেক্ষে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন পূর্বক একাউন্টপেয়ী চেকের মাধ্যমে মূল্য পরিশোধ করা হবে।

২৫. কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে নিজ দায়িত্বে ও নিজ খরচে গাইবান্ধা পবিস এর সদর দপ্তর অফিসে ডেডিকেটেড ইন্টারনেট কানেকশন প্রদানের কাজ বাপবিবো/ পবিস এর নির্দেশনা অনুযায়ী সম্পাদন করতে হবে এবং সফল কর্মসম্পাদনের পর অবশ্যই সন্তোষজনক প্রশংসাপত্র গ্রহন করতে হবে।

২৬. নির্দিষ্ট তারিখের মধ্যে ডেডিকেটেড ইন্টারনেট কানেকশন স্থাপনে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশ এ উল্লেখিত মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাব কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তন যোগ্য জরিমানা মোট মূল্যের ১০% এর অধিক হবে না। তবে মূল তারিখের পর বিলম্বে মালামাল প্রদানের ক্ষেত্রে অবশ্যই পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।

২৭. কোটেশনে বর্নিত স্পেসিফিকেশন সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে তা কোটেশন দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে বর্নিত ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

২৮. ইন্টারনেট কানেকশন স্থাপনের পর কোন স্থাপনা/যন্ত্রপাতি যেমনঃ ওভারহেড/আন্ডারগ্রাউন্ড ক্যাবল (অপটিক্যাল ফাইবার), রেডিও ডিভাইস, মিডিয়া কনভার্টার, রাউটার ইত্যাদি প্রয়োজন হলে যাবতীয় স্থাপনা/যন্ত্রপাতি আংশিক বা সম্পূর্ণ অকার্যকর হলে দরদাতা প্রতিষ্ঠান তার নিজস্ব ব্যবস্থাপনা/খরচে তা স্থাপন এবং নিয়মিত রক্ষনাবেক্ষণ করতে হবে। অত্র পবিস কর্তৃক মাসিক সংযোগ ফি ব্যতিত দরদাতা প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত বর্ণিত মালামাল এবং রক্ষনাবেক্ষণের বিপরীতে কোন অর্থ পরিশোধ করা হবে না।

২৯. উক্ত অফিসের জন্য পাঁচটি Real IP সরবরাহ করতে হবে এবং Real IP ব্যবহার করে Router এর মাধ্যমে Database server কে Internet এর যে কোন Source হতে Uniquely access এর উপযোগী করে দিতে হবে। এবং সফল কর্মসম্পাদনের পর অবশ্যই সন্তোষজনক প্রশংসাপত্র গ্রহন করতে হবে।

৩০. Spamming Control এর সুবিধাসহ সকল প্রকারের Network Security নিশ্চিত করতে হবে এবং Mail Exchange Entry / MX Entry সরবরাহ করতে হবে।

৩য় পৃষ্ঠায় দ্রঃ/

**Technical Specification for Internet and data Connectivity.**

৩১. Must Provide 24/7 Proactive support service for maintaining the required Uptime of 99%

৩২. Must have redundant primary and secondary Path.

৩৩. Must provide real time Bandwidth monitoring Graph.

৩৪. Must provide public IP according to BREB/PBS Server requirement.

৩৫. Must ensure network security and Qos (Quality of service) issue.

৩৬. Must provide Network Topology design and router/system Configuration Documentation after installation.

৩৭. To ensure uninterrupted service the auto switching and the network must be built on MPLS (Multi-Protocol Level Switching).

৩৮. Download and upload speed must be equal.

৩৯. Must have own pop redundancy link.

৪০. Must have at least two (2) or more upstrem provider and mention their names.

৪১. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রেকমপক্ষে ৩(তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

৪২. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতিথাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

৪৩. কার্যাদেশ জারীর তারিখ থেকে ১০ (দশ) দিনের মধ্যে পণ্য সরবরাহ এবং কার্য সম্পাদন করতে হবে।

৪৪. নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট মূল্যের ১% এর $\frac{১}{১০}$ অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% এর অধিক হবে না।

৪৫. গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি এর কর্তৃপক্ষ সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকারসংরক্ষণ করে।

৪৬. **কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক কার্যাদেশ প্রাপ্তির পর গাইবান্ধা পবিস এর সদর দপ্তরে নিজ খরচে মালামাল সরবরাহ করতে হবে। অন্যথায়, কোনরূপ ব্যাখ্যা তলব ব্যতীত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে কালো তালিকাভুক্ত করা হবে।**

(মোঃ আমিজাদ হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধসহ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)।**

০১। পরিচালক, পবিস মঃ ব্যঃ ও পঃ (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা
০২। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে আপলোডের নিমিত্তে)
০২। জেলা প্রশাসক, গাইবান্ধা।
০৩। পুলিশ সুপার, গাইবান্ধা।
০৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ, গাইবান্ধা।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,---------------------------পবিস-১/২/৩/৪।
০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদর/গোবিন্দগঞ্জ/সাঘাটা/সুন্দরগঞ্জ/সাদুল্লাপুর/পলাশবাড়ী/ফুলছড়ি।
০৮। ডিজিএম,(কারিগরী-সদর)/গোবিন্দগঞ্জ/বোনারপাড়া জোনাল অফিস, গাইবান্ধা পবিস।
০৯। এজিএম(অর্থ-হিসাব/সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি), গাইবান্ধা পবিস।
১০। এজিএম (আইটি), গাইবান্ধা পবিস। (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
১০। মের্সাস--------------------------------------------------------।
১১। নোটিশ বোর্ড, গাইবান্ধা পবিস।
১২। অফিস/মাস্টার কপি।

(মোঃ আমিজাদ হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি, তুলসীঘাট, গাইবান্ধা

**কোটেশন দাখিলপত্র**

**[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]**

কোটেশনএর স্মারক নং : ২৭.১২.৩২২৪.৫৬৫.০১.০৩৮.২৫.৩৭৮৯

তারিখ: ২৭/০৪/২০২৫খ্রিঃ।

প্রতি
**সিনিয়র জেনারেল ম্যানেজার**
**গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি**
**তুলসীঘাট, গাইবান্ধা**

আমি/আমরা, নিম্নস্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে কোটেশন সদর অফিসে **"Dedicated Internet Connection (Speed 30 Mbps With 05 Static Real IP"** জন্য প্রস্তাব করছি।

আমার/ আমাদের কোটেশনের মোট মূল্য টাকা [সংখ্যায়----------এবং কথায়-----------------]

আমার/আমাদের কোটেশন, কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/ আমরা এটা মানতে বাধ্য থাকব। আরএফকিউ এর বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যেকোনো সময় এটি গ্রহণ করা যেতে পারে।

আমি/ আমরা ঘোষণা করছি যে, আমার/ আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগতস ক্ষমতা (Legal Capacity) রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ত তার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। অধিকন্তু, আমি/ আমরা অনুচ্ছেদ-২৮ (ই)-তে বর্ণিত চুক্তির শর্তের বিষয়ে অবগত আছি এবং কোটেশনে অংশগ্রহণের প্রতিযোগিতা বা কাজ সম্পাদন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।
আমি/ আমরা এই কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/ নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ন নামে একটির বেশি কোটেশন দাখিল করিনি। আমি/ আমরা অবগত যে চুক্তি স্বাক্ষরের জন্য আপনার লিখিত পত্র আমাদের উপর বাধ্যবাধকতা আরোপ করবে, যতক্ষণ পর্যন্ত আনুষ্ঠানিক চুক্তি স্বাক্ষর না হয়।

আমি/ আমরা [তারিখ লিখুন] তারিখে আপনার জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এসম্পর্কে আমার/ আমাদের কোনো আপত্তি নেই।

আমি/ আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশন দাতার
স্বাক্ষর
তারিখ

সদর অফিসে "Dedicated Internet Connection (Speed 30 Mbps With 05 Static Real IP"

**সরবরাহের জন্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল)**

কোটেশন এর স্মারকঃ ২৭.১২.৩২২৪.৫৬৫.০১.০৩৮.২৫. ৩৭৫৯ তারিখ:২৭/০৪/২০২৫ খ্রিঃ।

| ক্রঃ নং | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পরিমাপের একক | পরিমান | একক দর/মূল্য | | মোট মূল্য | পণ্য সরবরাহের গন্তব্যস্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অংকে | কথায় | অংকে/ কথায় | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | ১ | Monthly Service Charge Per Mbps Speed Dedicated Internet Service For H/Q Office. | Mbps (per Month) | 30 | | | | গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি, তুলসীঘাট, গাইবান্ধা |
| | | | | | | অংকে | | |
| | | | | | | কথায় | | |

| | |
|---|---|
| পন্য প্রেরণের ঠিকানা | গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি, তুলসীঘাট, গাইবান্ধা |
| মোট মূল্য টাকায় (কথায়) | উপরোল্লিখিত তফশীলের ৮ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য ------- -------------------------- |
| প্রস্তাবিত সরবরাহ ও কার্য সম্পাদন | ১০ দিন ক্রয় আদেশ জারির তারিখ থেকে |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) | [পণ্য সরবরাহ সম্পন্নের তারিখ থেকে ....সপ্তাহ অথবা ....দিন লিখুন; প্রযোজ্য না হলে তারিখ বা দিন উল্লেখ করার প্রয়োজন নেই] |

**আমি/আমাদের দ্বারাএই মূল্যর তফশীলের ------------- টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর** করা হয়েছে। **আমার/আমাদের প্রস্তাব---/--------/২০২৫ পর্যন্ত** বৈধ **থাকবে।**

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ: |
| কোটেশনদাতার নাম | |

**টীকা:**

১। কলাম ৬, ৭ ও ৮ কোটেশনদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যেক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

# আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

| ক্রঃ নং | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | তৈরী বং মডেল (make and model) |
|---|---|---|---|---|
| ১ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | Monthly Service Charge Per Mbps Speed Dedicated Internet Service For H/Q Office. | BTRC Authorized | Nationwide ISP | -- |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর: | তারিখ: |
|---|---|
| কোটেশন দাতার নাম: | |

টীকা:

১. কলাম ৫ ও ৬ কোটেশন**দাতা** পূরণ করবে।

২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী)**ক্রয়কারী** পূরণ করবে। **ক্রয়কারীর** প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক **দর প্রদানের** জন্য একসেট **সঠিক** এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের **জন্য** পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার **লক্ষ্যেপ্রস্তুত করতে হবে** এবং একইসঙ্গে **ক্রয়তব্য** পণ্য ও **সংশ্লিষ্ট** সেবা**রকারিগরি দক্ষতা, দ্রব্যাদি** এবং কার্য-**সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ননা** করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভুক্ত সমস্ত **আইটেম , দ্রব্যাদি** এবংআনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং **সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি** মডেলের **হবে। তার** নকশা এবং **দ্রব্যাদি**তেসব সাম্প্রতিক **উৎকর্ষ** সন্নিবেশিত হবে।

৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী)ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে । কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরন/প্রচারপত্র (**brochures**) সংযুক্ত করবে।

# গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি

## পণ্য সরবরাহের জন্য ক্রয় আদেশ

[সরবরাহের সংক্ষিপ্ত নাম লিখুন]

দরপত্র প্যাকেজ নম্বরঃ G.R.২৪-২৫.৬৫.৯ তারিখ: ২৭/০৪/২০২৫ খ্রিঃ

| | |
|---|---|
| কোটেশন স্মারক নং: ২৭.১২.৩২২৪.৫৬৫.০১.০৩৮.২৫ ৩৭৫৯ | তারিখ :২৭/০৪/২০২৫ খ্রিঃ। |
| প্রতি:<br>[সরবরাহকারীর নাম ও ঠিকানা] | |
| **সরবরাহের** তারিখ: [সম্পাদনের তারিখ উল্লেখ করুন] | **ক্রয়াদেশকৃত** পণ্যের মূল্য: টাকা [চুক্তি মূল্য উল্লেখ করুন] |
| **সরবরাহ** : শর্তানুযায়ী | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট কার্য সম্পাদনের জন্য ক্রয়কারী------------- তারিখের কোটেশন গ্রহণ করেছেন এবং পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহ কারিগরী বিনির্দেশ মোতাবেক পরিমাণ ও ইউনিটে সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

| ক্রয়াদেশকৃত পণ্যসমূহ |
|---|
| পণ্য ও সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি সংযুক্তকরুন।<br>আবশ্যিকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের (সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলীর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| ক্রেতার জন্য:<br><br>(মোঃ আমজাদ হোসেন)<br>সিনিয়র জেনারেল ম্যানেজার<br>গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি<br>তুলসীঘাট, গাইবান্ধা। |
| তারিখ: |

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ননা মোতাবেক।

## পণ্যের সরবরাহসহ কার্য সম্পাদনের ও মূল্যপরিশোধের জন্য শর্তাবলী

১. চুক্তির পরিচালনা এবংব্যবস্থাপনা জন্য এখানে বর্নিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণতপাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।

৩. ক্রয়-আদেশ জারি হওয়ার ১০ (দশ) দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী মালামাল সরবরাহ এবং কার্য সমাপ্ত করতে হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দুর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ত্রুটি পাওয়া গেলেসরবরাহকারীকে জানাবে।

৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা কাজ বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স,শুল্ক, ফিএবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলিত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে। সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভিএবংপ্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য টাকা**অংকে**------------- **কথায়** -------------------------------------------------------------।

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ **[মাস উল্লেখ করুন; প্রযোজ্য না হলে 'নেই' উল্লেখ করুন]** ।

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণেসরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪. সরবরাহকারী পণ্য এবং কার্য সম্পাদনের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

**২য় পৃষ্ঠায় দ্রঃ/**

১৫. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬. নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট মূল্যের ১% এর $\frac{১}{১০}$ অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% এর অধিক হবে না।

১৭. ওয়ারেন্টি (Warranty) সময়সীমার ভেতরসরবরাহ এবং সংস্থাপনেরকারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৮. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৯. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

২০. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:

ক) সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ) পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত ।

গ) চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২১. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তিসম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষেমীমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিষ্পতির ব্যবস্থা গ্রহণ করবে।

২২. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

| ক্রেতার স্বাক্ষর: | সরবরাহকারীর স্বাক্ষর: (নাম এবং পদবীসহ) |
|---|---|
| (মোঃ আমজাদ হোসেন)<br>সিনিয়র জেনারেল ম্যানেজার<br>গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি<br>তুলসীঘাট, গাইবান্ধা। | |
| তারিখ: | তারিখ: |